

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ০৬/২০১৯

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৬
০২ ডিসেম্বর ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কর্মরত সকল এমএফএস প্রোভাইডার ও সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,


বৈধ উপায়ে প্রেরিত রেমিট্যান্স নগদ প্রণোদনাসহ সুবিধাভোগীর মোবাইল হিসাবে আকলন প্রসঙ্গে।

ব্যাংকিং চ্যানেলে আগত রেমিট্যান্স মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) হিসাবের মাধ্যমে বিতরণের ক্ষেত্রে আপনাদেরকে নিম্নরূপ পরামর্শ প্রদান করা যাচ্ছে-

১। ব্যাংকিং চ্যানেলে আগত রেমিট্যান্স-এর অর্থ সুবিধাভোগীর এমএফএস হিসাবে সরাসরি বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট নগদ প্রণোদনার অর্থসহ সর্বোচ্চ ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা ব্যাংক কর্তৃক সরাসরি সুবিধাভোগীর এমএফএস হিসাবে প্রদান করা যাবে ;

২। রেমিট্যান্স-এর অর্থ ব্যতীত অন্যান্য সকল এমএফএস লেনদেনের ক্ষেত্রে এ বিভাগের ১৯-০৫-২০১৯ তারিখের পিএসডি সার্কুলার নং-০১/২০১৯ অনুসরণ নিশ্চিত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ৮৮-০২-৯৫৩০১৭৪